# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-01-2025 Time: 7-35 A.M.**

-
**বিশেষ বিশেষ খবরঃ–**

১/ RG KAR-এ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র ধৃত সঞ্জয় রায়কে আদালত, আমৃত্যু কারাদন্ড দিয়েছে।
# এই রায় নিয়ে বিভিন্ন মহলে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।
# রাজ্য সরকার রায়ের বিরুদ্ধে হাইকোর্ট যাচ্ছে।

২/ তিন জেলা সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় যুব আবাস সংলগ্ন ময়দানে সরকারী পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেবেন।

৩/ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ নিয়ে ইউজিসির নতুন নিয়ম খতিয়ে দেখতে রাজ্যের উচ্চশিক্ষা দফতর, সাত সদস্যের বিশেষজ্ঞ কমিটি তৈরি করেছে।

৪/ হাতির হানায় মানুষের প্রাণহানী রুখতে আরও উদ্যোগী হচ্ছে রাজ্য সরকার।
# আগামী ৫ বছরে তৈরী করা হচ্ছে ৭ টি করিডোর।

৫/ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের ১৬৩-তম জন্মতিথি পালিত হচ্ছে।

৬/ চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে।

***********************************************************************

RG KAR-এ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র ধৃত সঞ্জয় রায়কে আদালত, আমৃত্যু কারাদন্ড দিয়েছে। এই রায় নিয়ে বিভিন্ন মহলে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। গত শনিবারই শিয়ালদা আদলত সঞ্জয়কে দোষী সাব্যস্ত করেছিল। গতকাল সঞ্জয়ের বক্তব্য শোনার পর বিচারক অনির্বাণ দাস যাবজ্জীবন কারাদন্ডের সাজা ঘোষণার পাশাপাশি, রাষ্ট্র-কে নির্দেশ দেন আর্থিক সহায়তা বাবদ ১৭ লক্ষ টাকা নির্যাতিতার মা-বাবার হাতে তুলে দেবার জন্য।

নির্যাতিতার পরিবারের আইনজীবি অবশ্য জানিয়েছেন, সাপ্লিমেন্টারি চার্জশিটের দিকে তাঁরা তাকিয়ে আছেন।

( বাইট- ল'ইয়ার)

রায় ঘোষণা হলেও, এখনি শিয়ালদা আদলতে মামলা শেষ হচ্ছে না। ওই আদালতেই চলবে শুনানি। এই মামলার তদন্তে তথ্যপ্রমাণ লোপাট এবং কর্তব্যে গাফিলতির অভিযোগে RG KAR-এর তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলকে গ্রেফতার করে সিবিআই। যদিও সেই মামলায় চার্জশিট জমা দিতে না-পারায় দু'জনেরই জামিন মঞ্জুর হয়। তবে আদালতে CBI জানিয়েছে, তারা খুব তাড়াতাড়িই ওই মামলায় চার্জশিট দেবে। তার ভিত্তিতে আবারও শুনানি হবে বলে মনে করা যাচ্ছে।

********************

এদিকে, নির্যাতিতার পরিবার এই রায়-এ হতাশা ব্যক্ত করেছে। আর্থিক ক্ষতিপূরণের বিষয়টি নিয়ে আদালতে প্রশ্ন তোলেন তাঁরা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি'ও গতকালের রায়ে অসন্তোষ প্রকাশ করেছেন।

( বাইট- মমতা )

RG KAR মামলায় নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যাচ্ছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে একথা জানিয়েছেন। তিনি বলেন, আদালত নৃশংস এই ঘটনাকে বিরলের মধ্যে বিরলতম বলে চিহ্নিত না করায় তিনি বিষ্মিত।

রাজ্য সরকার মনে করে এটি একটি বিরলতম অপরাধ। এবং সেজন্য দোষী সর্বোচ্চ শাস্তি হওয়া প্রয়োজন।

বিজেপি'ও জানিয়েছে, তারা আদালতের রায়ে সন্তুষ্ট নয়। তবে, তথ্য প্রমাণ লোপাট করার জন্য রাজ্য সরকার ও পুলিশের বিরাট ভূমিকা ছিল বলে দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার আবারো অভিযোগ করেন।

( বাইট- সুকান্ত )

RG KAR-এর ঘটনায় প্রকৃত বিচারের জন্য মানুষকে আরো সংগঠিত হতে হবে বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। তদন্তের গতি প্রকৃতি নিয়ে তিনিও ফের একবার প্রশ্ন তুলেছেন।

( বাইট- সেলিম )

অন্যদিকে কংগ্রেস ন্যায় বিচারের দাবীতে গতকাল পথে নেমে বিক্ষভ দেখায়। এই ঘতনায় সঞ্জয় রায় ছাড়াও আরো অনেকে যুক্ত আছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেন। সংগঠিত অপরাধের দিকেও ইঙ্গিত করেন তিনি।

অন্যদিকে, আন্দোলনকারী জুনিয়ার চিকিৎসকরাও তদন্তের ফাঁক ফোকর নিয়ে উচ্চতর আদালতে আবেদন করবে বলে জানিয়েছে।

********************

তিন জেলা সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় যুব আবাস সংলগ্ন ময়দানে সরকারী পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী।

গতকাল মুর্শিদাবাদ থেকে মালদা পৌঁছে তিনি দুষ্কৃতী আক্রমণে নিহত তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দুলাল ওরফে বাবলা সরকারের বাড়িতে যান। কথা বলেন, তাঁর স্ত্রী চৈতালীর সঙ্গে। পরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, এই খুনের ঘটনায় পুলিশ দ্রুত ব্যবস্থা নেবে। যেই জড়িত থাকুক না কেন তাকে রেয়াত করা হবে না।

আগামীকাল মাদারিহাটে তাঁর সরকারী অনুষ্ঠানে যোগদানের কর্মসূচী রয়েছে।

********************

মেদিনীপুর মেডিকেল কলেজে ‘স্যালাইন কাণ্ডে’র প্রতিবাদে বিজেপি, রাজ্যের প্রতিটি জেলাশাসকের দপ্তর ঘেরাও করবে। স্যালাইন কান্ড এবং জুনিয়র ডাক্তারদের সাসপেনশনের প্রতিবাদে গতকাল তারা স্বাস্থ্য ভবনের সামনে প্রতীকি অবস্থান বিক্ষোভ করে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই বিক্ষোভের নেতৃত্ব দিয়ে অভিযোগ করেন, পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস-এর স্যালাইনে প্রসূতি মৃত্যুর অভিযোগ করে কর্ণাটক সরকার ২৩শে ডিসেম্বর চিঠি দিয়েছিল। মুখ্যমন্ত্রী তাসত্ত্বেও কেন কিছু জানতেন না রাজ্য সভাপতি সে বিষয়ে প্রশ্ন তোলেন।

********************

উপাচার্য নিয়োগ নিয়ে UGC-র নতুন নিয়ম খতিয়ে দেখতে রাজ্য উচ্চশিক্ষা দফতর, সাত সদস্যের বিশেষজ্ঞ কমিটি তৈরি করেছে।

উচ্চশিক্ষা সংসদের উপদেষ্টা অধ্যাপক দেবনারায়ণ বন্দ্যোপাধ্যায়কে এই কমিটির চেয়ারম্যান করা হয়েছে। কমিটির বাকি সদস্যরা হলেন উচ্চশিক্ষা অধিকর্তা অধ্যাপক নিমাইচন্দ্র সাহা, কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান দীপক কর, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ওমপ্রকাশ মিশ্র, কলকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্সের বিভাগীয় প্রধান সবুজ কুমার চৌধুরী, পশ্চিমবঙ্গ রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিসি সৌরেন বন্দ্যোপাধ্যায়, প্রেসিডেন্সি ইউনিভার্সিটির রেজিস্ট্রার ড: দেবজ্যোতি কোনার, উচ্চশিক্ষা দফতরের আইন বিভাগের আহ্বায়ক শিলাদিত্য চক্রবর্তী।

এই কমিটির সদস্যদের ৩১ জানুয়ারির মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

********************

একাদশ শ্রেণির প্রাকটিক্যাল পরীক্ষা আগামী চৌঠা এপ্রিলের মধ্যে সম্পন্ন করতে হবে। West Bengal Council of Higher Secondary Education এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছে। এতে, প্রথম ও দ্বিতীয় সেমিস্টারের নম্বর আগামী ১৪ই এপ্রিলের মধ্যে সংসদের ওয়েবসাইটে আপলোড করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

*******************

হাতির হানায় মানুষের প্রাণহানী রুখতে আরও উদ্যোগী হচ্ছে রাজ্য সরকার। হাতিদের চলাচলের জন্য করিডোর তৈরির পাশাপাশি হাতির হামলা থেকে মানুষকে বাঁচাতে প্রত্যন্ত এলাকায় শৌচালয় তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি হাতির হানা রুখতে করিডর তৈরি করার কথা জানিয়েছিলে। এর প্রেক্ষিতে রাজ্য সরকার আগামী পাঁচ বছরে ৪০০ কোটি টাকা খরচ করে রাজ্যে ৭টি হাতি করিডর তৈরির সিদ্ধান্ত নিয়েছে। প্রতিটি হাতি করিডর ৫ কিলোমিটার দীর্ঘ এবং ৪০০ মিটার চওড়া হবে। এর জন্য ৬২৫ থেকে হাজার হেক্টর জমির প্রয়োজন। হাতির জন্য পর্যাপ্ত জল ও খাবারের ব্যবস্থা রাখা হবে। এজন্য জলাশয় খনন ও হাতির পছন্দের ঘাস লাগানো হবে। চলাচলের পতে পথে খাবার জলের ব্যবস্থা এবং খাবারের সংস্থান থাকলে তারা লোকালয়ে বা চাষের ক্ষেতে হানা দেবেনা বলে আশা করা হচ্ছে। সাম্প্রতিক কালে হাতির হানায় মৃত অনেকেই বাইরে শৌচ করতে হিয়ে হামলার মুখে পড়েছেন। এধরনের ঘটনার পুনরাবৃত্তি আটকাতে স্বচ্ছ ভারত মিশনের আওতায় প্রত্যন্ত এলাকাগুলিতে শৌচালয় তৈরির উপর জোর দেওয়া হচ্ছে।

*******************

এবার মহাকুম্ভের খবরঃ- ( মহাকুম্ভ মন্তাজ)

প্রয়াগরাজে মহাকুম্ভ উপলক্ষে দরিদ্র তীর্থযাত্রীদের সুবিধায় উত্তর প্রদেশ সরকার ২৫ হাজার নতুন রেশন কার্ড তৈরি করেছে। এর মধ্যে বারো হাজার তীর্থযাত্রী ইতিমধ্যেই সেই কার্ড দিয়ে বিনামূল্যে রেশন সামগ্রী সংগ্রহ করেছেন বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। এছাড়াও মেলার জন্যে ৩৫ হাজার নতুন গ্যাস সিলিন্ডার রিফিলিং করা হয়েছে ও সাড়ে তিন হাজার নতুন গ্যাস সংযোগের অনুমোদন দেওয়া হয়েছে।

এদিকে, মহাকুম্ভ-কে কেন্দ্র করে উত্তরপ্রদেশের প্রয়াগরাজ সেজে উঠেছে।

প্রয়াগরাজ থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি- সুমন দে)

********************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মতিথি পালিত হচ্ছে। উত্তর কলকাতার সিমলা স্ট্রিটে স্বামীজীর জন্মভিটেতে ভোরে মঙ্গলারতির মধ্য দিয়ে সূচনা হয়েছে স্বামীজীর জন্মতিথি উদযাপন। বেলুড় মঠেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রামকৃষ্ণ মঠ মিশনের অন্যান্য শাখা কেন্দ্রেও স্বামীজীর জন্মতিথি উদযাপন উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

********************

চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুটি দলই ১৬ টি করে ম্যাচ খেলেছে। মোহনবাগান ১৬ ম্যাচে ৩৬ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় শীর্ষে রয়েছে। সমসংখ্যক ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে চেন্নাইয়িন দশম স্থানে রয়েছে।

*****************************************************************